দৈনিক ইনকিলাব

তারিখ 13 SEP 19.. ... ...
পৃষ্ঠা ... ... ৮ কলাম ... ...

5

# উপজেলা পরিক্রমা

## শরীয়তপুর

শরীয়তপুর, ১২ সেপ্টেম্বর (সংবাদদাতা)।— শরীয়তপুর একটি অনুন্নত ও অবহেলিত জনপদের নাম। ভারত উপমহাদেশের প্রখ্যাত চিন্তাবিদ এবং ফরায়েজী আন্দোলনের অগ্রনেতা হাজী শরীয়তুল্লাহর নামানুসারে এর নামকরণ "শরীয়তপুর" করা হয়। ১৯৭৭ সালে মহকুমা ও ১৯৮৩ সালে শরীয়তপুরকে সরকার জেলায় রূপান্তরিত করেন। দীর্ঘ ৫ বৎসর অতিক্রম হবার পরও উপজেলা সদরের চেহারা তেমন কোন পরিবর্তন হয়নি।

৭০.৬৯ বর্গমাইল আয়তন বিশিষ্ট উপজেলায় মোট ইউনিয়ন সংখ্যা ১০টি। লোক সংখ্যা মোট ১,৪৫,৫৩৬ জন। তন্মধ্যে পুরুষ ৭৫,২৬৮ জন ও মহিলা ৭০,২৬৮ জন। ১৭৪টি গ্রাম নিয়ে গঠিত উপজেলায় মোট চাষযোগ্য জমির পরিমাণ ৩৫,৯০২ একর।

**যোগাযোগ**

উপজেলার যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত শোচনীয়। অন্যান্য উপজেলা থেকে এ উপজেলার সংযোগ রক্ষাকারী রাস্তাগুলো কাঁচা যা বর্ষার মওসুমে চলাচল অচল হয়ে পড়ে। উপজেলা সদরের রাস্তাগুলোর অধিকাংশই কাঁচা। নৌপথে যাতায়াতের কিছুটা সুযোগ থাকলেও তা আবার শীতের মওসুমে নদী-নালা শুকিয়ে যায়। তখন উপজেলা সদর থেকে ১০/১২ মাইল দূরে লঞ্চ থাকে।

**বিদ্যুৎ**

উপজেলা সদর ছাড়া পৌরসভাভুক্ত সম্পূর্ণ গ্রামগুলো বিদ্যুতায়িত হয়নি। কয়েকটি ইউনিয়নে বিদ্যুতায়িত করার পরিকল্পনা নিলেও তা আজো বাস্তবায়িত হয়নি।

**কৃষি**

উপজেলার অধিকাংশ লোকই কৃষিজীবী। কৃষি ব্যবস্থা আজো মান্ধাতা আমলের। এ উপজেলার কৃষকদের প্রধান উৎপাদনকারী ফসল হচ্ছে— ধান, পাট, আলু, মরিচ ইত্যাদি। তবে এ উপজেলার জমি উর্বরা বলে প্রচুর পরিমাণ ধান জন্মে। উপজেলায় খাদ্য উৎপাদন ২২,১৫০ মেঃ টন এবং খাদ্য প্রয়োজন ২৩,২৪৮ মেঃ টন।

**শিক্ষা**

শরীয়তপুর সদরে সরকারী মহাবিদ্যালয় ১টি, মাধ্যমিক বিদ্যালয় সরকারী ২টি এবং বেসরকারী ৯টি, প্রাথমিক বিদ্যালয় সরকারী ৭২টি ও বেসরকারী ১৩টি, মাদ্রাসা দাখিল ৪টি এবং সিনিয়র মাদ্রাসা ১টি। শিক্ষার হার শতকরা ১৮.৯৬।

**স্বাস্থ্য**

উপজেলায় হাসপাতাল ১টি, বেডের সংখ্যা ৫০টি। সরকারী দাতব্য চিকিৎসালয় ৪টি, মাতৃমঙ্গল শিশু সদন নেই। চিকিৎসাকেন্দ্রগুলো সমস্যায় জরাজীর্ণ।